

পত্র নং- বাঃ স্কাঃ (জনসংযোগ ও মার্কেটিং)/৭৩৬(১৫৪)

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৬
১২ সেপ্টেম্বর ২০১৯


দ্বিতীয় জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনীর সার্কুলার

বিষয় : দ্বিতীয় জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী-২০১৯ আয়োজন সম্পর্কীয়।

বাংলাদেশ স্কাউটসের জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং বিভাগের ব্যবস্থাপনায় দ্বিতীয় জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী-২০১৯ আয়োজন করা হয়েছে। বাংলাদেশ স্কাউট আন্দোলনের সাথে জড়িত ব্যক্তিবর্গ এই প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবেন। অংশগ্রহণের শর্ত ও নিয়মাবলী নিম্নরূপ :

- ১। প্রতিযোগিতার বিষয় : স্কাউটিং ;
- ২। আগামী ১৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে সফট ফরমেটের ছবি pr@scouts.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। সফট ফরমেটের ছবি ৩০০/৩০০ পিপিআই রেজুলেশনের হতে হবে;
- ৩। একজন প্রতিযোগী সর্বোচ্চ ১০টি ছবি পাঠাতে পারবেন ;
- ৪। বাছাইকৃত ১ টি ছবিকে প্রথম, ২ টি ছবিকে দ্বিতীয় এবং ৩ টি ছবিকে তৃতীয় পুরস্কারে পুরস্কৃত করা হবে;
- ৫। পর্যাপ্ত মানসম্মত ছবি প্রাপ্তি সাপেক্ষে প্রদর্শনের জন্য নির্বাচন করা হবে। প্রদর্শনীর জন্য নির্বাচিত সকল ছবির চিত্রগ্রাহককে সনদ প্রদান করা হবে;
- ৬। প্রতিযোগিতার জন্য প্রাপ্ত যেকোন ছবি বাংলাদেশ স্কাউটস যেকোন মাধ্যমে ব্যবহারের এখতিয়ার রাখে;
- ৭। প্রেরণকৃত ছবির সাথে প্রতিটি ছবির ক্যাপশন, চিত্রগ্রাহকের নাম, ঠিকানা, দলের নাম, স্কাউট পরিচিতি, মোবাইল নাম্বার, ই-মেইল আইডি ও ছবির ক্যাপশন লিখে পাঠাতে হবে;
- ৮। ছবি বাছাই, প্রদর্শন ইত্যাদি বিষয়ে বাংলাদেশ স্কাউটস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- ৯। বাংলাদেশ স্কাউটস এর প্রতিযোগিতায় পূর্বে প্রেরিত ছবি পুনরায় প্রেরণ করা যাবেনা;
- ১০। অন্যের তোলা ছবি নিজের বলে প্রতিযোগিতায় পাঠানো হলে -তা শাস্তি যোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে।

বর্ণিত দ্বিতীয় জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনীতে অংশগ্রহণে আগ্রহীদের অবহিতকরণ এবং অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানাই।



(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস।

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ২। আঞ্চলিক উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, বাংলাদেশ স্কাউটস (সকল) ;

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
- ২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস
- ৩। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।

